


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
জয়পুরহাট
www.fisheries.joypurhat.gov.bd

স্মারক নম্বরঃ ৩৩.০২.৩৮০০.৪০০.৪৫.০৪৪.২৩.২৪৮

তারিখঃ ০৯/০৭/২০২৩খ্রি.

সভার নোটিশ

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই/২০২৩খ্রি. হতে সেপ্টেম্বর/২০২৩খ্রি. পর্যন্ত) সভা আগামী ১০/০৭/২০২৩খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকায় জেলা মৎস্য দপ্তর, জয়পুরহাট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময়ে কমিটির সকল সদস্যকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



সরদার মহীউদ্দিন
জেলা মৎস্য কর্মকর্তা
জয়পুরহাট

ফোন: (+৮৮)০২৫৮৯৯১৬০১৫

ই-মেইল dfojaipurhat@fisheries.gov.bd

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী। (সদয় অবগতির জন্য)
- ২। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য দপ্তর, জয়পুরহাট।
- ৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট সদর/পাঁচবিবি, জয়পুরহাট।
- ৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট।
- ৫। সংশ্লিষ্ট নথি।

মৎস্য অধিদপ্তর, জয়পুরহাট এর শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির
২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতিঃ জনাব সরদার মহীউদ্দিন, জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট।
স্থানঃ সম্মেলন কক্ষ, জেলা মৎস্য দপ্তর, জয়পুরহাট।
তারিখঃ ১০/০৭/২০২৩খ্রি.
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

১. জনাব সরদার মহীউদ্দিন, জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব দিপক কুমার হলদার, জাতীয় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট ও সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য দপ্তর, জয়পুরহাট ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ উপস্থাপন করেন এবং জানান যে, ইতোমধ্যে অত্র দপ্তরের স্বাক্ষরিত কর্মপরিকল্পনা ওয়েবপোর্টালের সেবাবক্সে আপলোড করা হয়েছে। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.১ নং কার্যক্রম এর আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবপোর্টালের বাজেট সেবাবক্সে আপলোড করা হয়েছে।

২. তিনি সভাকে আরোও জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক ও অন্যান্য কার্যক্রমের আওতায় ৩.১ নং আবশ্যিক কার্যক্রম সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতাদের মতামত সংরক্ষণ সংক্রান্ত রেজিষ্টার খোলা হয়েছে এবং অফিসে আগত সেবা গ্রহীতাদের মতামতসহ তথ্য সংরক্ষণ করা হচ্ছে।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২.১ নং কার্যক্রম এর আওতায় অর্থবছরের শুরুতেই অনুমোদিত ক্রয়-পরিকল্পনা নির্দিষ্ট সময়ের মধ্যে ওয়েবপোর্টালের বাজেট সেবাবক্সে আপলোড করতে হবে।
২. জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৩ নং ক্রমিকের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধ সহায়ক ও অন্যান্য কার্যক্রমের আওতায় অফিসে আগত সেবাগ্রহীতাদের মতামত রেজিষ্টারে সংরক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১০/০৭/২০২৩

(সরদার মহীউদ্দিন)

জেলা মৎস্য কর্মকর্তা

ও

সভাপতি

নৈতিকতা কমিটি





মৎস্য অধিদপ্তর, জয়পুরহাট

পরিশিষ্ট ক

সভায় উপস্থিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক নৈতিকতা কমিটির সদস্যদের তালিকা

তারিখ: ১০/০৭/২০২৩খ্রি.

সময়: সকাল ১০:০০টা

ক্র: নং	নাম, পদবী ও কর্মস্থল	কমিটির অবস্থান	স্বাক্ষর
০১.	সরদার মহীউদ্দিন জেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট।	সভাপতি	
০২.	জনাব দিপক কুমার হালদার, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জয়পুরহাট।	ফোকাল পয়েন্ট	
০৩.	জনাব মাহমুদা খাতুন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট।	সদস্য	
০৪.	জনাব রফিকুল ইসলাম সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জয়পুরহাট সদর, জয়পুরহাট।	সদস্য সচিব	



নৈতিকতা কমিটির সভা